



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ  
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
www.biwta.gov.bd  
প্রশাসন শাখা, নৌ-সওপ বিভাগ

----

নম্বর: ১৮.১১.০০০০.০০০.৩৮২.৪৫.০০০৬.২২.৪

তারিখ: ৭ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ  
২১ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: মাওয়া শাখার বিশেষ নৌ-সতর্কীকরণ বিজ্ঞপ্তি নং-০২/২০২৬ইং।**

এতদ্বারা সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১৩/০১/২০২৬ তারিখে মাওয়া পদ্মা ব্রীজের উজানে কবুতরখোলা নামক স্থানে ২৩°২৬'৩৩.৫" উত্তর ০৯০°১৪'২৩.৩০" পূর্ব হতে ২৩°২৬'২৩.১" উত্তর ০৯০°১৪'২৪.৩০" পূর্ব পর্যন্ত প্রায় ২০০ মিটার এলাকায় শুল্ক মৌসুমের কারণে চ্যানেল সরু হয়ে যাওয়ায় উজানের চরের বালু কেটে দ্রুত সিল্টেশনের ফলে নাব্যতা হ্রাস পেয়ে ডুবোচরের সৃষ্টি হয়েছে। উল্লিখিত নৌপথ মাওয়া-পাটুরিয়া নৌপথের অংশ যা প্রটোকল নৌপথ হিসেবেও ব্যবহৃত হয়। সেখানে নদীর গভীরতা নিম্নরূপ:-

ক্রঃ নং	নৌ-পথের নাম ও দূরত্ব	শেলের নাম	সর্বনিম্ন গভীরতা	দিবা-রাত্রি	ড্রাফট সীমা
০১।	মাওয়া-মৈনট ৩৬ কিমি	কবুতরখোলা	২.৭৫ মিঃ	শুধু দিনে	২.৬০মিঃ

এমতাবস্থায়, ডেজিং নাব্যতার উন্নতি না হওয়া পর্যন্ত উক্ত নৌ-পথে চলাচলকারী সকল নৌ-যানকে উল্লিখিত ড্রাফট সীমা অনুসরণ করে কর্তৃপক্ষের পাইলট নিয়ে সতর্কতার সহিত চলাচল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

- নির্ধারিত ড্রাফট নিয়ে কর্তৃপক্ষের পাইলটসহ বিশেষ সতর্কতার সাথে নৌ-যান পরিচালনা করুন।
- দক্ষ নাবিক/ড্রাইভার দিয়ে নৌ-যান পরিচালনা করুন।
- প্রাকৃতিক দুর্যোগপূর্ণ আবহাওয়ার আশংকা থাকলে নৌ-যান নিরাপদ স্থানে ভিড়িয়ে বিশেষ সতর্কতা (বাতি জ্বালানো, Fog Signal ও Bell বাজানো) অবলম্বন করুন।

*(Signature)*

২১-০১-২০২৬  
ক্যাপ্টেন মোঃ শাহজাহান  
পরিচালক(নৌ-সওপ)

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

- ১। পরিচালক (আইসিটি) (ভারপ্রাপ্ত), পরিচালক/সিস্টেম ম্যানেজার (আইসিটি বিভাগ)-এর দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ(বিশেষ নৌ-সতর্কীকরণ বিজ্ঞপ্তি কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা যাচ্ছে)।
- ২। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ ও শ্রমকল্যাণ শাখা, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ(বিশেষ নৌ-সতর্কীকরণ বিজ্ঞপ্তি ৪টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা যাচ্ছে)।
- ৩। ব্যক্তিগত সহকারী, পরিচালক (নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ)-এর দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ।

